

আন্তর্জাতিক প্রবীণ দিবসে জাতিসংঘ মহাসচিব কফিআনানের বাণী
১ অক্টোবর ২০০৩

আগামী কয়েক দশক ধরে সমাজের সর্বস্তরে প্রবীণ মানুষের ব্যাপক ও গুরুত্বপূর্ণ উপস্থিতি ক্রমান্বয়ে বাড়বে। অথচ উন্নয়নের ক্ষেত্রে আমরা কিভাবে তাদের দক্ষতার সর্বোৎকৃষ্ট ব্যবহার করতে পারি সে সম্পর্কে এখনও যথাযথ মনোযোগ দেয়া হয়নি।

গত বছর বার্বাক্য বিষয়ক ২য় বিশ্ব সম্মেলন এর মাধ্যমে মাদ্রিদ আন্তর্জাতিক কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। যেখানে প্রবীণ ও বয়স্কদের ব্যাপারে আমাদের চিন্তাধারায় মৌলিক পরিবর্তনের আহ্বান জানানো হয়। মাদ্রিদ পরিকল্পনায় বার্বাক্য বিষয়ক নীতিমালাকে সমাজ কল্যাণ সংশ্লিষ্ট সংকীর্ণ পরিধি থেকে উন্নয়ন-নীতি বিতর্কের মূলধারায় সরিয়ে আনে। এটা স্বীকার করে যে প্রবীণেরা সমাজের শক্তিশালী কিন্তু অসংগঠিত সম্পদ। কিভাবে আমরা বয়স্কদের জগতের সাথে নিজেদের খাপ খাইয়ে সকল বয়সীদের জন্য একটা সমাজ নির্মান করতে পারি সে বিষয়ে মাদ্রিদ পরিকল্পনায় সুপারিশমালা প্রণয়ন হয়েছে।

সাধারণ পরিষদে আমার সাম্প্রতিক ফেলো-আপ প্রতিবেদনে আমি ‘জাতীয় সামর্থ্য নির্মান এবং বার্বাক্যকে উন্নয়নসূচীর মূলধারায় নিয়ে আসা’ দুটি বিষয়ে গুরুত্বারোপ করে জাতীয় ও আন্তর্জাতিক উভয় পর্যায়ে মাদ্রিদ কর্ম পরিকল্পনা বাস্তবায়নে একটি প্রায়োগিক কাঠামোর প্রস্তাব করি।

বাস্তবায়ন প্রক্রিয়ার এ প্রথম বছরে কয়েকটি ক্ষেত্রে আমরা অগ্রগতি লক্ষ্য করেছি। আন্তর্জাতিক পর্যায়ে পরিকল্পনা বাস্তবায়নে পুনর্নিরীক্ষণ ও মূল্যায়নের জন্য কর্ম প্রণালী বিষয়ে সমঝোতা হয়েছে। ২০০২ সালে এশিয়া এবং ইউরোপের সদস্য রাষ্ট্রগুলো বাস্তবায়নের জন্য কর্ম-কৌশল দাড়া করিয়েছে যেখানে ল্যাটিন আমেরিকা এবং ক্যারিবিয়ান রাষ্ট্রগুলোর এ বছরের মধ্যে কৌশল নির্ধারণ করার কথা। আমরা প্রত্যাশা করি আফ্রিকা অঞ্চলেও বাস্তবায়নের এই প্রক্রিয়া অনুসৃত হবে।

আমরা প্রত্যেকে গোষ্ঠী বা পারিবারিক বিষয়ে, কৃষি বা নগর কেন্দ্রিক উদ্যোগ, শিক্ষা, প্রযুক্তি বা কলা, দারিদ্র বিমোচন অথবা শান্তি প্রতিষ্ঠায় প্রবীণদের দক্ষতাকে অঙ্গীভূত করার মাধ্যমেই সকল প্রজন্মের মধ্যে সঁতুবন্ধন করতে পারি। একুশ শতকে একটি উন্নত বিশ্ব প্রতিষ্ঠায় আমাদের নিগুঢ় পরিকল্পনা ‘সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য’ অর্জনের কাজের সাথে প্রবীণদের অমূল্য গুণাবলী কুসংস্কারের বাইরে আনা এবং উন্নয়নের অন্যান্য হাতিয়ারের সাথে সম্পৃক্ত করাই আমাদের চ্যালেঞ্জ। আজকের এই বিশ্ব প্রবীণ দিবসে, আসুন ‘আমরা উন্নয়নের কাজে প্রবীণদের মতো শক্তিশালী সম্পদকে অংশীদার করতে প্রতিজ্ঞাবদ্ধ হই’।

** *** **